দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 19 DEC 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ঠাকুরগাঁওয়ের ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি নেয়া হচ্ছে না

**নিজস্ব সংবাদদাতা, ঠাকুরগাঁও, ১৮ ডিসেম্বর ॥** আসন্ন শিক্ষা বর্ষে ঠাকুরগাঁও শহরের সরকারী বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে কোন শিক্ষার্থী ভর্তি করা হচ্ছে না। আর তাই অসংখ্য অভিভাবক দিশেহারা হয়ে ভাল বিদ্যালয়ে পড়ানোর লক্ষ্যে শিক্ষার্থীদের নিয়ে ছুটছেন পার্শ্ববর্তী রংপুর, নীলফামারী, পঞ্চগড় ও দিনাজপুরে। তাঁরা ওই জেলার সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষার কোচিং এর জন্য প্রতিদিন ভোরে কনকনে শীত উপেক্ষা করে শিশু সন্তানদের নিয়ে ওইসব জেলায় যাচ্ছেন ও সন্ধ্যায় ফিরে আসছেন। কেউ কেউ সেখানেই অবস্থান করছেন। শহরের রুমানা আক্তার রুমি নামে এক মা জানান, তাঁর সন্তান শহরের এক সরকারী প্রাথমিক স্কুল থেকে ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষা দিয়েছে। ঠাকুরগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি করানোর উদ্দেশে তিনি দুই বছর থেকে প্রস্তুতি নিয়েছেন। কিন্তু এখন সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণীতে ভর্তি নিচ্ছে না শুনে তাঁর মাথায় আকাশ ভেঙ্গে পড়েছে। দু'বছর আগে তৃতীয় শ্রেণীতে তার সন্তান অল্পের জন্য ভর্তি হতে পারেনি। তিনি জানান, খুব ভোরে তিনি ছেলেকে নিয়ে পঞ্চগড় যাচ্ছেন। সেখানে ভর্তির কোচিং করিয়ে সন্ধ্যায় আবার ফিরে আসছেন। এরকম অনেক অভিভাবকের একই অবস্থা। শাহেদা জাহান কলি জানান, শহরে যে কয়টি বেসরকারী হাইস্কুল রয়েছে সেখানে শিক্ষার্থীদের মাসিক বেতনের হার অনেক বেশি কিন্তু তাতে শিক্ষার ভাল পরিবেশ ও আশাজনক ফলাফল পাওয়া যায় না। তাই তাদের অন্য জেলায় ছুটতে হচ্ছে।

সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আখতারুজ্জামান জানান, তাঁর স্কুলে ৫ম শ্রেণীতে প্রভাতি ও দিবা শাখায় মোট ২৪৯ ছাত্র পিএসসি পরীক্ষা দিয়েছে। আশা করছি সবাই পাস করবে। ৬ষ্ঠ শ্রেণীতে মোট আসন সংখ্যা ২৪০। ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এবার নতুন কোন ছেলে ভর্তি করার সুযোগ নেই। একই কথা বলেন সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধানশিক্ষিকা বিলকিস সালাম।